

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭১২

আগরতলা, ১৩ ফেব্রুয়ারী, ২০১৮

বিধানসভা নির্বাচন : ১৮ ফেব্রুয়ারী সবেতন ছুটি

ফ্যাক্টরী আইন ১৯৪৮-র আওতায় পড়া ত্রিপুরা সরকারের শিল্প অধিগৃহীত সংস্থাসমূহে কর্মরত কর্মচারী ও ত্রিপুরা সরকারের দৈনিক হাজিরা / কন্টিনজেন্ট কর্মচারী এবং ত্রিপুরার যে কোন ব্যবসা / ট্রেডে কর্মরত শ্রমিক / কর্মচারীদের জন্য ১৮ ফেব্রুয়ারী-২০১৮ সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে। সংশ্লিষ্টরা ঐদিন যাতে ত্রিপুরা বিধানসভা নির্বাচন-২০১৮তে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন সেজন্য জনপ্রতিনিধিত্ব আইন ১৯৫১-র ১৩৫ বি ধারা অনুযায়ী রাজ্য সরকারের পক্ষ থেকে এই ছুটি ঘোষণা করা হয়েছে। তবে কোন ব্যক্তির অনুপস্থিতিতে তিনি যেখানে কর্মরত সেখানে বড় ধরনের কোন সমস্যার সৃষ্টি হওয়ার পরিস্থিতি দেখা দিলে সেক্ষেত্রে তিনি ছুটির এই সুবিধা ভোগ করতে পারবেন না। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।
